

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

www.bpatc.org.bd

পিপিআর অনুবিভাগ

**কেন্দ্রের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর বাস্তবায়ন অগ্রগতি
পর্যালোচনা সংক্রান্ত ১ম মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি: রমেন্দ্র নাথ বিশ্বাস

রেস্টুর, বিপিএটিসি

তারিখ : ০৮/০৯/২০২২ খ্রি. (বৃহস্পতিবার)

সময় : দুপুর ২:০০ টা

স্থান : রেস্টুর'স কনফারেন্স রুম, আইটিসি

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। ২০২২-২৩ অর্থবছরের কেন্দ্রের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ সঠিকভাবে ও যথাসময়ে অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে সচেতন করা এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য এই সভা আহ্বান করা হয়েছে মর্মে রেস্টুর জানান। অতঃপর কেন্দ্রের এপিএ ফোকাল পয়েন্ট-পরিচালক (পিপিআর)কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

০২। শুরুতে পরিচালক (পিপিআর) ২০২১-২২ অর্থবছরে কেন্দ্রের অর্জিত এপিএ লক্ষ্যমাত্রা তথা জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত র্যাঙ্কিং এর চিত্র তুলে ধরেন। এতে দেখা যায়, ২০২১-২২ বছরে কেন্দ্রের সামগ্রিক অর্জন ৯০.১১ নম্বর এবং ক্রমিকে অবস্থান ৬ষ্ঠ। অতঃপর ২০২১-২২ সালের এপিএ মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করা হয়। উক্ত মূল্যায়নে কোন কোন নির্ধারকসমূহে কেন্দ্র লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয়নি, সভায় লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার কারণসমূহ (যেমন-অনুপযুক্ত প্রমাণক উপস্থাপন, নির্ধারিত মেয়াদের পর কার্যসম্পাদন ইত্যাদি) চিহ্নিত করা হয় এবং বিগত বছরের এপিএ বাস্তবায়ন অভিজ্ঞতা কাজে লাগিয়ে ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রাসমূহের অর্জন যেনো ফলপ্রসূ হয় সে বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়। সভায় ২০২২-২৩ অর্থবছরে কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগ, অধিশাখা ও শাখাভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ উপস্থাপন করা হয় যেনো কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে তা দূর করা সম্ভব হয়। উপস্থিত সদস্যবৃন্দের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত বিষয়সমূহে ঐকমত্য ও সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত-১:	এপিএ (অর্থবছর ২০২২-২৩) লক্ষ্যমাত্রাসমূহ যেনো সঠিকভাবে অর্জিত হয় তা নিশ্চিতকল্পে সকল এমডিএস তাঁর স্ব স্ব উইং, অনুবিভাগ, অধিশাখা ও শাখার কর্মীদের সঙ্গে প্রতি মাসে অগ্রগতি মূল্যায়ন বিষয়ে সভা পরিচালনা করে এপিএ লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিত করবেন।
সিদ্ধান্ত-২:	কেন্দ্রের এপিএ সংশ্লিষ্ট সকলকে তাঁর জন্যে প্রযোজ্য লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে বিশেষভাবে সচেতন থাকতে হবে এবং কোনো লক্ষ্যমাত্রা অর্জনে সফল না হলে তার প্রেক্ষাপট/কারণ সম্পর্কে উপযুক্ত মাধ্যমে যথাসময়ে অবহিত করতে হবে।

৩

সিদ্ধান্ত-৩:	এপিএ নির্ধারিত ত্রৈমাসিক, ষাণ্মাসিক অথবা বাৎসরিক লক্ষ্যমাত্রাসমূহ যেনো নির্ধারিত সময়ের পূর্বেই অর্জিত হয় সেজন্যে সংশ্লিষ্ট সকলকে সময়োপযোগী কর্মপ্রয়াস (যেমন-কেন্দ্রের গবেষণা প্রস্তাব পত্রিকায় দ্রুত প্রকাশ, নিউজলেটার মুদ্রণ, তথ্যবাতায়ন আধুনিকায়ন, ই-গর্ডন্যান্স খাতে অর্থ বরাদ্দকরণ, কর্মশালা, সেমিনার আয়োজন প্রভৃতি) অব্যাহত রাখতে হবে। এক্ষেত্রে, শুধু কার্যসম্পাদন নয় বরং সংশ্লিষ্ট কাজের উপযুক্ত প্রমাণক সংরক্ষণ ও যথাসময়ে উপস্থাপন নিশ্চিত করতে হবে।
সিদ্ধান্ত-৪:	এপিএ (অর্থবছর ২০২২-২৩) লক্ষ্যমাত্রার যে সকল নির্ধারকসমূহের পরিবর্তন, পরিমার্জন অত্যাৱশ্যক (যেমন-বুনিয়াদি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ, যানবাহন ক্রয়) তা দ্রুত চিহ্নিত করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে সংশোধন বা পরিবর্তনের প্রস্তাব প্রেরণ করতে হবে। তবে, এ বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-বিধি অবশ্যই প্রতিপালন করতে হবে।
সিদ্ধান্ত-৫:	এপিএ'র লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারণে ভবিষ্যতে কেন্দ্রের প্রশিক্ষণ, গবেষণার মান সমৃদ্ধিকরণের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়সমূহ যেনো প্রাধান্য পায় সে বিষয়ে বিশেষ মনোযোগ দিতে হবে। অসংখ্য নির্ধারকের পরিবর্তে প্রশিক্ষণ/গবেষণা সংশ্লিষ্ট অধিক প্রাসঙ্গিক লক্ষ্যমাত্রাসমূহ যেনো এপিএভুক্ত হয় তা খেয়াল রাখতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত/-
১৪/০৯/২০২২
(রমেন্দ্র নাথ বিশ্বাস)
রেস্টর, বিপিএটিসি

কার্যবিবরণী নং-০৫.০১.২৬৭২.১৪০.০৫.১০৩.২২.৫৪

তারিখ: ১৪/০৯/২০২২

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অনুমদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ২। এমডিএস (পিঅ্যান্ডএস) ও এপিএ টিম লিডার, বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৩। জনাব.....
- ৪। রেস্টরের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেস্টর মহোদয়ের অবগতির জন্য);
- ৫। সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের তথ্যবাতায়নে প্রকাশের অনুরোধসহ);
- ৬। সংশ্লিষ্ট নথি।


(হোসান মুর্তাজা মাসুম)
পরিচালক (পিপিআর)
ও
এপিএ ফোকাল পয়েন্ট